

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০২.০০১.১৯-৬৪০

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৬ ব.
০৫ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, দুর্গাপুর, নেত্রকোণায় দায়েরকৃত দেওয়ানী নং-১৩৩/১৯ মোকদ্দমার সমন এর সাথে আর্জির কপি না আসায় উক্ত আর্জির কপি টিএমইডিতে প্রেরণসহ আর্জিবিহীন সমন প্রেরণের বিষয়টি বিজ্ঞ আগালতের গোচরে নেয়া সংক্রান্ত।

সূত্রঃ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, দুর্গাপুর, নেত্রকোণায় হতে প্রাপ্ত দেওয়ানী নং-১৩৩/১৯ মোকদ্দমার সমন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত সমনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনৈক মোঃ মোশারফ হোসেন কর্তৃক বাদী হয়ে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, দুর্গাপুর, নেত্রকোণা-তে দেওয়ানী মোকদ্দমা নং-১৩৩/১৯ দায়ের করা হয়। উক্ত মামলায় ৫ নং বিবাদী হিসেবে যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে উল্লেখপূর্বক সমন প্রেরণ করা হয়েছে।

০২। উক্ত দেওয়ানী নং-১৩৩/১৯ মামলাটির আগামী ২৪/০১/২০ তারিখ বেলা ১০ টার সময় মোকদ্দমার দাবি সম্বন্ধে প্রতিবাদ করিবেন কি না তাহা প্রকাশ করিবেন প্রতিবাদ করা সাব্যস্ত হইলে বর্ণনা (জবাব) দাখিল করিবেন। সে সাথে যে সকল দলিলের উপর নির্ভর করে বর্ণনা (জবাব) দাখিল করিবেন তাহা উপস্থিত করিবেন। দাবী সম্বন্ধে কোন প্রতিবাদ না হইলে ঐদিন চূড়ান্ত নিষ্পত্তি হইবে মর্মে সমনে উল্লেখ রয়েছে।

০৩। কিন্তু উক্ত সমনের সাথে দেওয়ানী মোকদ্দমাটির আর্জির কপি সংযুক্ত পাওয়া যায়নি কিংবা কি কারণে উক্ত দেওয়ানী মোকদ্দমাটি দায়ের করা হয়েছে সে বিষয় কোন কিছু উল্লেখ করা হয়নি। তাছাড়া দেওয়ানী মোকদ্দমা নং-১৩৩/১৯ এর ৫ নং বিবাদী হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর কোন যুগ্মসচিব-কে অন্তর্ভুক্ত করা হয়েছে তাঁর নামও উল্লেখ না থাকায় উক্ত মামলার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

০৪। C.P.C এর বিধান অনুযায়ী প্রতিটি সমনের সাথে আর্জি সংযুক্ত থাকা আবশ্যিক। কিন্তু আলোচ্য মামলার বিষয়বস্তু যেমন বুঝা যাচ্ছে না তেমনিভাবে এ বিষয়ে কোন পদক্ষেপ নেয়াও সম্ভব হচ্ছেনা। অনুমান করা যাচ্ছে যে, সমনটি মাদ্রাসা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট মামলা হতে পারে।

০৫। এমতাবস্থায়, দেওয়ানী মামলা নং ১৩৩/২১৯ এর আর্জি আগামি ১৮/১২/১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য এবং আর্জিবিহীন সমন প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতের গোচরে নেয়ার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণিত সমনের ছায়ালিপি-০১ প্রস্তু।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সিনিয়র সহকারী জজ আদালত, উপজেলা-দুর্গাপুর, জেলা- নেত্রকোণা।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।